# মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
# MEGHNA LIFE INSURANCE CO. LTD.

সূত্র ঃ মেঘনা লাইফ/প্রঃকাঃ/সেন্ট্রাল পিএইচএস/২০২১- ০৮৯ তারিখ ঃ ২৮-১০-২০২১ইং

প্রতি ঃ সকল জোন ইনচার্জ/সিএসসি/শাখা অফিস ইনচার্জ-
একক বীমা, লোকবীমা ও ইসলামী বীমা (তাকাফুল) ডিভিশন, মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ।

## অফিস বিজ্ঞপ্তি

**বিষয় ঃ হ্রাসকৃত হারে বিলম্ব মাশুল প্রদান করে তামাদি ও পেইড-আপ পলিসি চালুর বিশেষ সুযোগ।**

কোম্পানীর সম্মানিত বীমাগ্রাহকদের স্বার্থ সংরক্ষণের জন্য যে সকল পলিসির প্রিমিয়াম প্রদান স্থগিত থাকায় বর্তমানে তামাদি কিংবা পেইড-আপ অবস্থায় রয়েছে সে সকল পলিসির ফিন্যান্সিয়াল এসোসিয়েট (FA)-গণকে ৩০ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে সমুদয় বকেয়া প্রিমিয়াম সংগ্রহ করে নিজ নিজ সংগৃহীত পলিসি চালু করার জন্য নির্দেশনা দেয়া যাচ্ছে। উক্ত তারিখের মধ্যে সংশ্লিষ্ট ফিন্যান্সিয়াল এসোসিয়েট(FA)-গণ বকেয়া প্রিমিয়াম আদায় পূর্বক যে সকল পলিসি সচল করতে ব্যর্থ হবেন সে সকল পলিসির বকেয়া প্রিমিয়াম ০১ ডিসেম্বর ২০২১ তারিখ হতে অন্য ফিন্যান্সিয়াল এসোসিয়েট (FA) সংগ্রহ করতে পারবেন। এরূপক্ষেত্রে যে সকল তামাদি পলিসি চালু করা হবে সে সকল পলিসির প্রিমিয়াম সংগ্রহকারী ফিন্যান্সিয়াল এসোসিয়েট (FA)-এর কোডে পলিসি স্থানান্তর করা হবে।

পক্ষান্তরে, ন্যূনতম, ২(দুই) বছর প্রিমিয়াম প্রদানের পর যে সকল পলিসির প্রিমিয়াম প্রদান স্থগিত রয়েছে অর্থাৎ পলিসি পেইড-আপ অবস্থায় আছে ০১ ডিসেম্বর ২০২১ তারিখ হতে সে সকল পলিসির প্রিমিয়াম যদি পলিসি সংগ্রহকারী ফিন্যান্সিয়াল এসোসিয়েট (FA) ব্যতীত অন্য কোন উন্নয়ন কর্মকর্তা সংগ্রহ করে পলিসি চালু করতে পারেন তাহলে তাকে সংগৃহীত মূল প্রিমিয়ামের উপর ৩% হারে সংগ্রহ খরচ প্রদান করা হবে। এরূপক্ষেত্রে পলিসি সংগ্রহকারী মূল এজেন্ট এবং তার কোড সেট-আপ এর কোন কর্মকর্তা উক্ত পরিমান সংগৃহীত প্রিমিয়ামের জন্য কোনরূপ কমিশন পাবেন না।

**প্রযোজ্য শর্তসমূহ ঃ**

১.

ক) যে সকল তামাদি ও পেইড-আপ পলিসির প্রিমিয়াম প্রদান সর্বোচ্চ ৬(ছয়) মাস পর্যন্ত (মেয়াদপূর্তির বছর ব্যতীত) স্থগিত রয়েছে, সে সকল পলিসি বিলম্ব মাশুল প্রদান ব্যতিরেকে চালু করা যাবে।

খ) যে সকল তামাদি ও পেইড-আপ পলিসির প্রিমিয়াম প্রদান ৬(ছয়) মাসের অধিক কিন্তু সর্বোচ্চ (পাঁচ) বছর পর্যন্ত স্থগিত রয়েছে, সে সকল পলিসি বকেয়া প্রিমিয়াম ও প্রযোজ্য বিলম্ব মাশুল পরিশোধ সাপেক্ষে চালু করা যাবে।

গ) যে সকল তামাদি ও পেইড-আপ পলিসি এ অফিস বিজ্ঞপ্তি ইস্যুর তারিখ হতে জানুয়ারি-২০২২ মাসের মধ্যে চালু/পুনর্বহাল করা হবে সে সকল পলিসির ক্ষেত্রে সম্মানিত বীমাগ্রহীতাদের জন্য হিসাবকৃত বিলম্ব মাশুলের ৪০% মওকুফ করে পলিসি চালু/পুনর্বহাল করার বিশেষ সুযোগ দেয়া হবে। তবে কোন পলিসির ক্ষেত্রে মেয়াদপূর্তির বছরে প্রদেয় তারিখ থেকে ৬(ছয়) মাসের মধ্যে বকেয়া প্রিমিয়াম জমা করলে ১৫০% বিলম্ব মাশুল দিতে হবে এবং ৬(ছয়) মাস পর বকেয়া প্রিমিয়াম জমা করা হলে বিলম্ব মাশুল ও প্রিমিয়াম গ্রহণের বিষয়ে প্রধান কার্যালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

ঘ) যে সকল তামাদি বা পেইড-আপ পলিসির প্রিমিয়াম প্রদান ৫(পাঁচ) বছরের অধিক সময় স্থগিত রয়েছে সে সকল পলিসির ক্ষেত্রে প্রধান কার্যালয়ের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে পুনর্বহাল করা যেতে পারে।

২. **তামাদি এবং পেইড-আপ পলিসি পুনর্বহালের জন্য প্রযোজ্য ক্ষেত্রে (কমপক্ষে ৬ মাস প্রিমিয়াম প্রদান স্থগিত থাকলে) অবশ্যই DGH (বীমাগ্রাহকের সু-স্বাস্থ্যের ঘোষণা) জমা করতে হবে এবং তা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হতে হবে। উক্ত DGH অবশ্যই পলিসি নথীতে সংরক্ষণ করতে হবে। DGH ছাড়াও প্রয়োজনে (অধিক বয়স ও উচ্চ বীমা অংক বিবেচনায়) অন্যান্য অবলিখন চাহিদাদি দাখিল করতে হবে। উল্লেখ্য, কোন অবস্থায়ই অবলিখন চাহিদা (DGH/ডাক্তারী পরীক্ষার রিপোর্ট) ব্যতিরেকে পলিসি পুনর্বহাল করা যাবে না।**

চলমান পাতা -২

মেঘনা লাইফ-কর্ণফুলী বীমা ভবন,

প্রধান কার্যালয়ঃ [redacted] মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, ফোনঃ ৯৫৫৮২৯৭, ৯৫৫৮৯৯৩ ও ৯৫৫৬২০৪
ফ্যাক্সঃ (৮৮০২) ৯৫৭৮১১৩ E-mail: info@meghnalife.com Web: www.meghnalife.com

৩. পলিসি পুনর্বহালের ক্ষেত্রে বকেয়া প্রিমিয়ামসমূহ একত্রে জমা করতে হবে। বকেয়া প্রিমিয়াম একত্রে পরিশোধ করা সম্ভব না হলে তা একাধিক কিস্তিতে পরিশোধ করা যাবে। তবে সমুদয় প্রিমিয়াম পরিশোধ না হওয়া পর্যন্ত প্রাপ্ত প্রিমিয়াম সমন্বয় করা যাবে না। পলিসি চালু হওয়ার পূর্ব পর্যন্ত একাধিক কিস্তিতে পরিশোধকৃত অর্থ সাসপেন্স হিসেবে জমা রাখা হবে। সর্বশেষ কিস্তি, অবলিখন চাহিদাদি এবং বিলম্ব মাশুল পরিশোধ করার পর পলিসি পুনর্বহালের পদক্ষেপ নিতে হবে।

৪. পলিসি পুনর্বহালের ক্ষেত্রে প্রযোজ্য বিলম্ব মাশুল তাৎক্ষণিকভাবে পরিশোধ করা আবশ্যক। তবে গ্রাহকের আবেদন প্রাপ্তি সাপেক্ষে পলিসির দাবী হতে অতিরিক্ত বিলম্ব মাশুল সহ হিসাবকৃত সমুদয় বিলম্ব মাশুল সমন্বয় করা যাবে। পলিসি পুনর্বহালের পর কোন প্রত্যাশিত সুবিধার অর্থ পরিশোধযোগ্য হলে প্রযোজ্য বিলম্ব মাশুল উক্ত অর্থ থেকে সমন্বয় করা হবে। বিলম্ব মাশুল মওকুফের কোন সার্কুলার কার্যকর না থাকলে পূর্ণ বিলম্ব মাশুল পরিশোধ করতে হবে। গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে যে সকল ক্ষেত্রে বিলম্ব মাশুল ভবিষ্যতে দাবী থেকে সমন্বয়যোগ্য হবে, সে সকল ক্ষেত্রে **''ভবিষ্যতে প্রদেয় দাবী থেকে প্রযোজ্য বিলম্ব মাশুল সমন্বয় হবে''** মর্মে প্রিমিয়াম রসিদের উপর সীলমোহর দিয়ে গ্রাহকের বরাবরে পাঠাতে হবে এবং অনুরূপ কপি সংশ্লিষ্ট পলিসি ফাইলে সংরক্ষণ করতে হবে।

৫. সমুদয় বকেয়া প্রিমিয়াম প্রদান করে পলিসি চালু করার ক্ষেত্রে গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে তার প্রাপ্য **SB** (প্রত্যাশিত সুবিধা) খাতের অর্থ (যদি থাকে) প্রিমিয়াম খাতে সমন্বয় করা যেতে পারে।

৬. তামাদি পলিসি পুনর্বহালের ক্ষেত্রে পলিসি সংগ্রহকারী **FA** ব্যতীত অন্য **FA** কর্তৃক পলিসি পুনর্বহাল করা হলে প্রিমিয়াম সংগ্রহকারী **FA** কোড সেট-আপ প্রধান কার্যালয়ের **CPHS** বিভাগ কর্তৃক অনুমোদিত হতে হবে।

৭. পেইড-আপ পলিসির ক্ষেত্রে পলিসি সংগ্রহকারী FA ব্যতীত অন্য কোন উন্নয়ন কর্মকর্তা কর্তৃক প্রিমিয়াম সংগৃহীত হলে উক্ত প্রিমিয়ামের উপর প্রদেয় সংগ্রহ খরচ ৩% প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট উন্নয়ন কর্মকর্তাকে নির্ধারিত ফরমে পুনর্বহাল করা পলিসি সংগ্রহের তথ্যাদি লিপিবদ্ধ করে সংশ্লিষ্ট জোন ইনচার্জ/এরিয়া ইনচার্জের মাধ্যমে **CSC** বরাবর প্রেরণ করতে হবে অতঃপর **CSC**-এর সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় চাহিদাদি প্রাপ্তি সাপেক্ষে **Bill Lock** করে **OR Issue** করবেন। পরবর্তীতে **Bill Lock** করা হয়েছে মর্মে **OR Issue**-কারী কর্মকর্তার সীল ও স্বাক্ষরসহ সংগ্রহ খরচের বিলটি অনুমোদনের জন্য প্রধান কার্যালয়ের **CPHS** বিভাগে প্রেরণ করতে হবে।

৮. শুধুমাত্র সকল বকেয়া প্রিমিয়াম প্রাপ্তির পর পলিসি পুনর্বহাল করা হবে এবং কমিশন/সংগ্রহ খরচ প্রদান করা হবে। অর্থাৎ সাসপেন্স হিসাবে সংগৃহীত প্রিমিয়াম কিস্তির উপর কোন প্রকার কমিশন/সংগ্রহ খরচ প্রদান করা যাবে না।

উপরোক্ত বিশেষ সুযোগ জানুয়ারি ২০২২ মাস পর্যন্ত বহাল থাকবে এবং তৎপরবর্তী পর্যায়ে পূর্ণ বিলম্ব মাশুল প্রদান করে তামাদি/পেইড-আপ পলিসি চালু করতে হবে। আশা করা যাচ্ছে যে, এ সুযোগের সদ্ব্যবহার করে তামাদি ও পেইড-আপ পলিসি চালু করার সকল প্রচেষ্টা উন্নয়ন কর্মকর্তাগণ গ্রহণ করবেন।

এন. সি. রুদ্র
মুখ্য নির্বাহী কর্মকর্তা